

মামুন স্মৃতি পাবলিক উচ্চ বিদ্যালয়

স্থাপিতঃ ১৯৯০ খ্রিঃ, বিদ্যালয় কোড নং-৯০৪০, EIIN: 109930

পোঃ ছোনটিয়া বাজার, উপজেলা ও জেলাঃ জামালপুর

কেন্দ্র কোডঃ ২০৭, উপজেলা কোডঃ ৩৪০, জেলা কোডঃ ৪১।

E-mail: alumni.msphs.edu@gmail.com, Website: www.msphs-edu.com

Ref. No:

Date: 24.03.2022

প্রিয় সুহৃদ,

আসসালামু আলাইকুম। ১৯৯০ সালে স্থাপিত মামুন স্মৃতি এ বছর পা দিয়েছে ৩২ বছরে। ২০১৫ সালের পর, ৭ বছর ধরে পুনর্মিলনী (Reunion) হয়নি। আড়মোড়া ভেঙ্গে সবাইকে সাথে নিয়ে আমরা রিইউনিয়ন করার উদ্যোগ নিয়েছি।

আমরা চাই, প্রাক্তন ছাত্রদের পদচারণায় মুখরিত হয়ে উঠুক পুরো শিক্ষাঙ্গন। বসুক মিলন মেলা। পুরনো বন্ধু আর ভাই-বোনদের কাছে পেয়ে তৈরী হোক আনন্দ আর আবেগঘন পরিবেশের। দিনভর চলুক আড্ডা, স্কুলের স্মৃতিচারণ ও সাংস্কৃতিক আয়োজন।

আগামী ২৫ শে মার্চ, শুক্রবার রাত সাড়ে ৮ টায় এ লক্ষ্যে জুম মিটিং (Meeting ID: 838 4186 7191 , Passcode: msphs) থেকে ভিডিও কনফারেন্সে সবার সাথে মত বিনিময় করবো। যাতে সবার মাঝে এই চেতনা / ভাইব্রেশন ছড়িয়ে যায়। ভারুয়াল এই মিটিংয়ে স্কুলের প্রাক্তন সকল শিক্ষার্থীদেরকে অংশ নেয়ার জন্য আহ্বান জানাচ্ছি।

অনলাইন বৈঠকের পর সবার মতামত ও পরামর্শের আলোকে আমরা গুচ্ছ আলোচ্যসূচি অনুযায়ী সামনে এগুতে চাই।


- ১) আগামী ২৮শে রমজান ইফতার মাহফিলে বা ঈদ-উল-ফিতরের ২য় দিন স্কুল প্রাঙ্গণে প্রাক্তন ছাত্রদের নিয়ে গোলটেবিল বৈঠকে বসা। যাতে পুনর্মিলনীর কার্যক্রমকে গতিশীল করতে পূর্ণাঙ্গ কমিটি গঠন করা যায়।
- ২) মিটিংয়ে উপস্থিত সবার মতামতের ভিত্তিতে কোরবানীর ঈদে পুনর্মিলনীর তারিখ নির্ধারণ করা যেতে পারে। ব্যাচ প্রতিনিধি বা ব্যাচমেটদের নিজ নিজ ব্যাচের শিক্ষার্থীদের নিবন্ধনের দায়িত্ব বুঝিয়ে দেয়া।
- ৩) স্কুলের ওয়েবসাইটের এলামনাই পেজে www.msphs-edu.com/alumni/ নাম নিবন্ধন করার সুযোগ রয়েছে। অংশগ্রহণের ফি বা চাঁদা ওয়েবসাইটে পেমেন্ট করা যাবে বা ফিজিক্যালি মানি রিসিট সমেত প্রদান করা যাবে।

হিসাবের স্বচ্ছতা থাকবে। অনুষ্ঠানে প্রাপ্ত ও প্রদেয় অর্থের অডিট রিপোর্ট প্রকাশ করা হবে।

সবার সদা কল্যাণ কামনায়-



মোঃ নাছির উদ্দিন
ব্যাচঃ ১৯৯৯



হুমায়ূন আহমেদ
ব্যাচঃ ২০০০